

# আট দফা দাবিতে পলিটেকনিক শিক্ষকদের কর্মবিরতির ঘোষণা

স্বাধীন রিপোর্ট

সুদূরদেশে শিক্ষক নিয়োগ, বিজ্ঞানভিত্তিক পদবি পছন্দি চালা, পলিটেকনিক শিক্ষার্থীর জন্য বৃত্তি সংখ্যা বৃদ্ধিসহ আট দফা দাবিতে আগামী ৫ থেকে ১০ জানুয়ারি পর্যন্ত পলিটেকনিক কর্মবিরতির ডাক দিয়েছে বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতি (বাপশিস) ও বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক পরিষদের (বাপশিপ)। এরপরও যদি দাবি আদায় না হয় তাহলে আগামী ২৬ জানুয়ারি থেকে অবিয়াম কর্মবিরতি চালানোর ঘোষণা দিয়েছে। যশস্বর চাকা রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সংগঠন দুটি এ ঘোষণা দিয়েছে।

এতে শিখিত বক্তৃতা পাঠ করেন বাপশিপের সভাপতি ফকির মোহাম্মদ আব্দুল মান্নান। বক্তৃতা করেন বাপশিস এর সভাপতি মো. ইদরীস আলী এবং উভয় সংগঠনের সাধারণ সম্পাদক তরুণ কুমার নার ও নির্মান চন্দ্র সিকদার।

লিখিত বক্তৃতা ফকির মোহাম্মদ আব্দুল মান্নান, বিশিষ্ট পলিটেকনিক শিক্ষা ব্যবস্থা স্বাক্ষরে গত বছরের ৮ জানুয়ারি থেকে পলিটেকনিক শিক্ষকরা একই দাবিতে

আন্দোলন শুরু করে। আন্দোলনের এক পর্যায়ে গত বছরের ২৭ মে অভিবর্তিত শিক্ষা সচিবের (উন্নয়ন) নেতৃত্বে ৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করে মতামতায়। জর দলে আন্দোলন স্থগিত ঘোষণা করা হয়েছিল। এই কমিটি ৮ দফা দাবি পর্যালোচনা করে গত বছরের ৫ জুলাই একটি সুপারিশ প্রণয়ন করে শিক্ষা মন্ত্রণালয়ে জমা দেয়। কিন্তু দাবিদিন অতিবাহিত হওয়ার পরও তাই সুপারিশ আজ পর্যন্ত বাস্তবায়ন করা হয়নি। ফলে শিক্ষকদের মধ্যে হতাশা ও ক্ষোভ বাড়ছে। তিনি জানান, জেদর দাবিগুলো হচ্ছে ৪৬টি পলিটেকনিক ও তিনটি মনোপলিটেকনিক ইনস্টিটিউটের ৫০ থেকে ৭০ ডায় সুদূরদেশে শিক্ষক নিয়োগ, পলিটেকনিক শিক্ষকদের ট্রেনিং প্রতিষ্ঠানের পদবির পরিবর্তে আন্তর্জাতিকভাবে স্বীকৃত বিজ্ঞানভিত্তিক পদবি পছন্দি চালা, বিত্তীয় শিক্ষা প্রোগ্রামের পারিশ্রমিক আইএলও ঘোষণা অনুযায়ী প্রদান, পলিটেকনিক শিক্ষার্থীদের বৃত্তির কেটা বর্তমান স্বাক্ষরের সঙ্গে সামগ্রিকভাবে ৬৫ থেকে ১০০ ভাগে উন্নীতকরণ ও বিসিএস কারিগরি শিক্ষা ক্যাম্পের ৫০ বছর উর্ধ্ব শিক্ষক কর্মকর্তাদের চাকরী স্বীকৃতি করে পদোন্নতি ও সিমেন্টেশন প্রদান।